

শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাসভবন ধ্বংসের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে
সরকারী মুখপাত্রের প্রতিক্রিয়া

06 ফেব্রুয়ারি, 2025

শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাসভবন ধ্বংস করার ঘটনা সম্পর্কে সংবাদ মাধ্যমের
প্রশ্নের জবাবে সরকারী মুখপাত্র শ্রী রণধীর জয়সওয়াল বলেন,:

'এটা খুবই দুঃখজনক যে, শেখ মুজিবুর রহমান, বাংলাদেশের মানুষ যাকে দখলদারি এবং
দমনের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য বীরের মর্যাদা দিয়েছিলেন, তার ঐতিহাসিক বাসভবন
2025 সালের 5 ফেব্রুয়ারি ধ্বংস করা হয়েছে।

যারা স্বাধীনতা সংগ্রামের মূল্য সম্পর্কে জানেন, যা বাংলার স্বকীয়তা ও গর্বের পরিচায়ক, তারা
নিঃসন্দেহে বাংলাদেশের জাতীয় চেতনার জন্য এই বাসভবনের গুরুত্ব সম্পর্কে সচেতন।

এভাবে ভাঙচুর চালানোর ঘটনার কড়া নিন্দা করা উচিত।"

নয়া দিল্লী

06 ফেব্রুয়ারি, 2025